আল্লাহ ঈমানদারদের ক্রেতা বনে গেছেন। জান্নাতের বিনিময়ে তাদের জান-মাল ক্রয় করেছেন। ময়দানে তুমুল লড়াই শুরু হল। মায়ের ঘুম আসছেনা । একটু চক্ষু লেগে আসল অমনি স্বপ্নে দেখছেন পুত্র এসে বলছে, আন্মা আজ আপনার বউ (হুর) আমার মিলে গেছে। এরকম লোক ছিলেন তাঁরা।

মুজাহিদের দোয়া আম্বিয়াদের (আঃ) দোয়ার সমতুল্য

আজ বড়ই দুঃখের বিষয়ঃ এইযে এবং দুঃখ শুধু এজন্যই যে আপনাদেরকে আমাদের ভয় লাগে। অনেক মুসলমান তো জিহাদ কি তাও জানে না। মানবে কি? এতবড় গুরুত্বপূর্ণ ফরজ, যার মধ্যে স্বয়ং রাসুলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম এর রক্ত প্রবাহিত হয়েছে। সাড়ে চার শত আয়াত পবিত্র কোরআন মজিদে শুধু এই ফরজ সম্পর্কে অবতীর্ণ হয়েছে। আফসোস! যদি কোন হাফেজ সাহেব একটু চিন্তা করত। নামাজ যেরকমভাবে ফরজ জিহাদও সেরকম ফরজ। কিন্তু এ ফরজ কতটুকুইবা আমরা আদায় করছি।

পুনঃরায় চতুর্দিক হতে আমাদের মাথার উপর বিপদ ও মুসিবত আসছে। আর আমরা কেঁদে কেঁদে বলছি যে আমার এই ঘরোয়া পেরেশানী, ঐ ঘরোয়া পেরেশানী। হায়! যদি আমরা জিহাদের পথ কে অবলম্বন করতাম তাহলে কসম খোদার এই ঘরোয়া পেরেশানী, এই ছোট খাট পেরেশানী আমাদের নিকট

আসতেও লজ্জাবোধ করত। কেননা মুজাহিদতো শুধু আল্লাহর জন্যই জিহাদ করে। তাদের এক এক কদমে আল্লাহর রহমত নাজিল হয়। তাদের দোয়াসমূহ আল্লাহ তায়ালা এমনভাবে শুনে থাকেন যেমন আশ্বিয়া (আঃ) দের দোয়াসমূহ শুনতেন। কিন্তু জানিনা কে আমাদের বাজুতে এই শীতলতার ইনজেকশন লাগিয়ে দিল যে, মুসলমান কাঁদছে, মুসলমান নির্বিচারে মরছে। কিন্তু আমাদের দিলে সামান্য ব্যাথাও অনুভব হয় না।

মুসলমান ব্যবসায়ী হয়ে গেছে

আমাদের দিল তাদের জন্য সামান্য উহ্ পর্যন্ত করে না। আজ চর্থুদিকে মুসলমানদের উপর কি চলছে? কি অবস্থার মধ্যে মুসলমান দিন যাপন করছে। আমি জেলখানায় নিজে দেখে এসেছি। তাদের কে কারেন্টের তাপ দেয়া হয়। তাদের কে উল্টো লটকানো হয়, তাদের দাঁড়িতে পেশাব করা হয়। ঐ অবস্থায় সে কালিমা পড়তে থাকে। তখন তার মুখের মধ্যে পেশাব করা হয়, যেন সে কালিমা পড়তে না পারে। সে মুসলমানদের চিৎকার করে ডাকতে থাকে, তখন কাফের অউহাঁসি হেঁসে জবাব দেয়, মুসলমানতো ব্যবসায়ী হয়ে গেছে। মুসলমানতো দোকানদার হয়ে গেছে। মুসলমান ভীরু কাপুরুষ হয়ে গেছে। তুমি কাকে ডাকতেছং এখন তোমাকে এই লাঞ্ছিত-অপদস্ত জীবনেই কাটাতে হবে। তোমাকে এরকমভাবেই বেইজ্জত হতে হবে। সঠিকভাবে বল, কেুয়ামতের দিন আমরা আল্লাহর নিকট কি জবাব দিবং যদি রাসুল রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে সাতাইশ বার জিহাদের জন্য ঘর থেকে বের হতে পারেন, তাহলে মুসলমান তুমি বল তুমি কতবার বের হয়েছ? যদি হযরত সিদ্দীকে আকবর (রাঃ)-এর সমস্ত মাল জিহাদের জন্য ক্বোরবান হতে পারে, তাহলে মুসলমান তুমি বল, তোমার কতটুকু মাল জিহাদে লেগেছে? যদি সাহাবাদের শরীর জিহাদের ময়দানে আহত হতে পারে তাহলে বল আমরা এই সুস্থ সবল দেহ নিয়ে কিভাবে আল্লাহর দরবারে যাব?

তৃতীয় কোন রাস্তা অবলম্বন করনা

আমার প্রিয় বন্ধুরা! মাসআলা বুঝার চেষ্টা করুণ এবং জিহাদের এই মাসাআলাকে নিজের অন্তরের সাথে সম্পৃক্ত করে নিন। অন্ততঃ জিহাদ অস্বীকার করা থেকে অবশ্যই তওবা করুন। আর না হয় কোরআনের সাড়ে চারশত আয়াত অস্বীকার করে আমরা আল্লাহর সামনে যেতে পারবনা। আমি শুধুমাত্র একটি কথার দাওয়াত দিচ্ছি এবং আমার আলোচনা সমাপ্ত করতেছি। আপনারা তো দ্বীনের কথা বুঝার মত লোক, প্রথম কথা হলো— আমাদের জন্য সোজা রাস্তা আল্লাহ তায়ালা মুজাহেদীনদের এক আমলী প্লাটফরম আমাদের সামনে এনেছেন। আমরা নিয়ত করে নিই এবং প্রতিজ্ঞা করে নিই ডান-বাম থেকে চক্ষু

ফিরিয়ে আল্লাহর মহকাতে পাগলপারা হয়ে যাই। এই দৃঢ় প্রতিজ্ঞা করে আমরা এই জিহাদের রাস্তায় বের হওয়ার নিয়ত করি যে, হে আল্লাহ। আজ থেকে পিছনে জিহাদের ব্যাপারে যত অলসতা হয়েছে, সব খতম। এখন থেকে আমরা ইনশাআল্লাহ্ এই রাস্তা অবলম্বন করব। কারো বলা ব্যতীত দুনিয়াবী কোন উদ্দেশ্য ব্যতীত সকাল-বিকাল, রাত-দিন এক করে আমরা এই রাস্তায় বের হব ইনশাআল্লাহ্! আর যদি খোদা না খাস্তাহ্ (আল্লাহ না করুন) এখনও পর্যন্ত দিলে ভীরুতা ও কাপুরুষতা বেষ্টন করে থাকে তাহলে আমার একটি আবেদন ও নসিহত স্বরন রাখবেন আল্লাহর নিকট অবশ্যই তওবা-এন্তেগফার করতে থাকুন যে, হে আল্লাহ! আমরা অনেক বড় অপরাধী যে, আমরা জিহাদ করি না। এই দুই রাস্তা ব্যতীত তৃতীয় রাস্তা কোন মুসলমান অবলম্বন করব না। ঘরে বসে খানা খেয়ে ঐ মুজাহিদদের বিরোধিতা করবং যাদের সাথে মিলে যুদ্ধে অংশ নেওয়ার জন্য আকাশের ফেরেস্তারা পর্যন্ত দরখাস্ত করে, যাদের উপর আল্লাহর সাহায্য অবতীর্ণ হয়- আমাদের কণ্ঠ ঐ মুজাহিদদের বিরুদ্ধে চলে? আমরা জিহাদের ফরীযাকে উলট-পালট করার চেষ্টা করবং আমার ভাইয়েরা-এই জুলুম কেউ করবেন না। হয়তো জিহাদে বের হয়ে নিজে এই ফরীযার স্বাধ গ্রহণ করব, না হয় নিজের ঘর থেকে অন্য কোন ব্যক্তিকে বের করে ছাডব।

যদি নিজে বের হতে বা অন্যকে বের করতে না পারি তাহলে বুঝব এখন পর্যন্ত ঘরে অমঙ্গল রয়ে গেছে কেননা আল্লাহ এই ঘর থেকে কাউকে কবুল করেননি। এখনও মালের মধ্যে অমঙ্গল রয়ে গেছে যার কারণে আল্লাহ এই মাল জিহাদের জন্য কবুল করনেনি। এই জন্য তওবা-ইন্তেগফার করা চাই এবং প্রত্যেক নামাযে বলা চাই যে, আল্লাহ! এত বড় ফরীযা ছিল যা তুমি আমার উপর আবশ্যক করেছিলেন, কিন্তু আমি অলসতার মধ্যে রয়ে গেছি। আমি গোনাহ্গার! হে আল্লাহ! আমায় ক্ষমা করে দাও। তাহলে সম্ভবত ক্ষমার কোন রাস্তা খুলতে পারে। হে আল্লাহ! আমায় জিহাদের জন্য দাঁড় করিয়ে দাও।

ফারুকে আযম (রাযিঃ) যাদের নিকট দোয়া চাইতেন

কিন্তু এ রকম যেন না হয় যে, জিহাদও করব না এবং ঐ মুজাহিদদের রাস্তায় প্রতিবন্ধক হব যারা আমাদের মা-বোনদের হেফাজত ও সংরক্ষণের জন্য স্বয়ং নিজ ঘরের মা বোনদের ভূলে গিয়েছে। যারা মুসলমানদের বাড়ি ঘরকে কাফেরের বোস্বিং থেকে বাঁচানোর জন্য নিজের বাড়ী ঘর ছেড়েছেন। যারা মুসলমানদেরকে রিযিক পৌঁছানোর জন্য নিজের খানাপিনা ভূলে গেছেন। যারা আল্লাহর প্রেমিক, যারা আল্লাহর সৈনিক, যারা আল্লাহর জন্য জান দেওয়ার মত সাহস রাখে, তারা তো ঐ মহান লোক যাদেরকে জিহাদের ময়দান পর্যন্ত পৌঁছানের জন্য রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের সাথে চলতেন। তারা ঐ লোক যাদের নিকট স্বয়ং ফারুকে আযম (রাঃ) দোয়ার দরখান্ত করতেন। তারা ঐ মহান লোক যাদের উপর ফেরেস্তাদেরও ঈর্ষা হয় তাদের বিরোধীতা করা, তাদের উপর অঙ্গুলী উঠানো কোন মুসলমানের জন্য নিশ্চিতভাবে না জায়েয। আমার মুজাহিদ কর্মী ভাইয়েরা যারা এখানে স্থানীয় ইউনিটে কাজ করেন তাদের নিকট আমি আর্য করব। যে মুসলমানদের ঈমান বাঁচানোর জন্য আপনারা নিজেরা আরাম করা হেড়ে দিন। এক এক মুসলমানের নিকট গিয়ে জিহাদের মাছআলা বুঝান। এই বাক্য ছোট ছোট বাচ্চাদেরকে মুখন্ত করান যে, জিহাদ নামাযের মতই ফর্য এবং এই ফর্যকে মুললমান পুনরায় জিবীতকরবে তো মুসলমানের সমস্ত সমস্যার সমাধান হয়ে যাবে, কেউ আমাদের রুটি রুথি বন্ধ করতে পারবে না ইনশাআল্লাহ্।

সেই ইজ্জতের রুটি

এগুলো অনর্থক ধমকী যে যদি মুজাহিদগণ সামনে বাড়ে তাহলে আমরা তোমাদের রুটি রুযি বন্ধ করে দেব, তোমাদেরকে আমরা আমাদের রাযেক (রিযিকদাতা) মানি না, আমাদের রাযেক তো একমাত্র আল্লাহ। আফগানিদের রুটি তোমরা বন্ধ করেছ, তোমরাতো একপিছ কেক খেয়েও হজমির ঔষধ খেতে হয়। আল্লাহ ঐ আফগানীদের দেড় ফুট লম্বা রুটি খাওয়াচ্ছেন। ধুম্বার গোস্ত খাওয়াচ্ছেন। তোমাদের অর্থনৈতিক অবরোধ তাদের উপর কোন প্রভাব ফেলতে পারেনি। আমার রব রিযিকদাতা, তিনি রিযিক দিতে জানেন। তোমরা চাও তোমাদেরকে আমরা ভয় পাই যে, তোমরা অবরোধ আরোপ করবে আমাদেরকে ক্ষুধায় মারবে। আমাদের ঘর থেকে ফ্রিজ এবং গাড়ি নিয়ে যাবে। আমরা বলব গাড়ি ছিনিয়ে নাও, আমরাঘোড়ায় চড়ে আসব ইনশাআল্লাহ এবং তোমাদের মাথার উপর বাদশাহী করব। তোমরা আমাদের রুটি ছিনিয়ে নিবে তখন আল্লাহর তরফ থেকে আমাদের জন্য ইজ্জতের রুটি আসবে। সেই ইজ্জতের রুটি যা খেয়ে আমরা অসুস্থ হবনা। আমাদের দ্বীনিপ্রেরণা বৃদ্ধি পাবে, আমাদের ঈমান বৃদ্ধি পাবে। এই যালেমরা চায় যে, মুসলমানদের চারপাশে মুজাহিদীনদের যে বাহিনী আছে যাদের কারণে পুরো দুনিয়ায় মুসলমানদের ইজ্জত আর সম্মান, রয়েছে সে বাহিনীকে ধ্বংস করে দিতে এবং মুসলমানদেরকে হেয় প্রতিপন্ন করে খেয়ে ফেলতে। এই জন্য সমস্ত মুসলমান এবং মুজাহিদ কর্মী ভাইয়েরা, আসুন, জিহাদকে এক ফরয মনে করে, এক ইবাদত মনে করে, আল্লাহ্ ত'য়ালার পক্ষ থেকে অবতীর্ণ এক হুকুম মনে করে, আমরা সবাই এই ধারাবাহিকতায় মেহনত করি। তাহলে দেখবেনএই ধরায় কিভাবে আল্লাহ তায়ালার রহমত নাযিল হয়।

হ্যরত মাঙঃ কা্রী শাহ্ মোঃ মনসুর সাহেব (দাঃ বাঃ) এর মূল্যবান বয়ান-

আজকের এই সমাবেশ দ্বীনি মাদ্রাসার ছাত্রদের জন্য আয়োজন করা হয়েছে। আমীরে মুহতারাম হযরত মাওঃ মাসউদ আযহার সাহেব (দাঃ বাঃ) যখন করাচী তাশরীফ এনেছেন তখনি তার ডায়রীতে লিখে দেওয়া হয়েছে যে, দ্বীনি মাদ্রাসার ছাত্রদের সাথেও একটি বৈঠক করতে হবে, কেননা বাস্তবে আমীরে মুহতারাম নিজে বরং সমস্ত মুজাহিদীনদের সম্পর্ক এই দ্বীনি মাদ্রাসার সাথে। যেখানে আপনারও দ্বীনি শিক্ষা অর্জন করছেন। মনে রাখবেন আপনারাই একমাত্র ঐ এলেম শিখতেছেন যে এলেম আল্লাহর এলেম, যে এলেম আল্লাহর রাসুল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর এলেম। বাকি দুনিয়া যা শিখতেছে তা ইনসানের এলেম। তাদের সবার গবেষণা, তাদের জ্ঞান তাদের চিন্তা এপর্যন্তই সিমীত। তারা গবেষনাকরে পাথরের ভিতর কি আছে গরুর দেহে কি আছে, মাটির মধ্যে কি আছে জমিনের নিছে কি আছে, জমিনের উপরে কি আছে তারা মানুষের শীরের ঘঠন প্রানালী নিয়ে গবেষনা করে এবং শরীরের বৃদ্ধিও ও হাশ হওয়া নিয়ে গবেষনা করে। দুনিয়াবী জ্ঞানে তাকেও জ্ঞানী মনে করা হয় যে মানুষের পায়খানা পেশাব সম্পর্কে অভিজ্ঞ এবং সে জনেক বড় সাইন বোর্ড লাগিয়ে নিজের জ্ঞানের প্রকাশ করে থাকে।

দুনিয়ার জ্ঞান অর্জনকারীরাতো মাটি, পাথর, গরু, পেশাব-পায়খানা নিয়ে গবেষণা করাকেও জ্ঞান বলে মনে করে। তাদের এরপ মনে করার মাঝে আমাদের প্রমাণও আছে। কিন্তু আশ্চর্যের কথা হল যে, আল্লাহ এবং আল্লাহর রাসুলের সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জ্ঞান অর্জনকারীরা, কোরআন ও হাদিসের নূর নিজ বক্ষে ধারণকারীরাও তাদের প্রোপাগান্ডায় প্রভাবিত হয়ে তাদেরকে জ্ঞানী বলে মনে করে। তাদেরকে নিজের থেকে উন্নত ও সম্মানী বলে মনে করে। এবং এই কথা চিন্তাও করে না যে, তাদের জ্ঞান নিতান্তই সীমিত। তাদের এই জ্ঞান না তাদের কোন কাজে আসে, না আমাদের কোন কাজে আসবে। যে জ্ঞান তারা তাদের জীবনের বিশ-ত্রিশ বৎসর খরচ করে অর্জনকরে, কিছু দিন পরে যখন তারা মাটির নিচে চলে যায় তখন তাদের এই জ্ঞান তাদের সাথে যায়না, কিন্তু আপনারা যে এলেমের উত্তরাধিকারী তা উত্য় জাহানেই আপনাদের ইজ্জত ও সম্মানের গ্যারান্টি। আজকে দ্বীনী এলেম অর্জনকারীকে, দৃশ্যতে অক্ষম ও দুর্বল বলে মনে হয় এবং দুনিয়ার জ্ঞান অর্জনকারীকে আমাদের থেকে উন্নত বলে মনে হয়। এ ব্যাপারে কোরআন ও

হাদিসের এলেমের দোষ নয়, বরং দোষ হল ঐ নিয়ম ও পদ্ধতির, যার মধ্যে বলা হয়েছে যে, যার উপর মেহনত করা হবে, অন্তরে তার বিশ্বাস পয়দা হবে এবং তার উপর জীবনের আমল এবং উনুতি হবে। দুনিয়ার জ্ঞান অর্জনকারীরা যা তাদের ক্লাশে শিখে তা পরিস্কার সত্য বলে জ্ঞান করে। যা কিছু তারা সিলেবাসে পড়ে তা পুরোপুরি সঠিক ও সত্য বলে মনে করে যে রোগের যে বর্ণনা, তারা তাদের পাঠ্য সূচীতে যে রকম পড়ে সে রকমই মনে করে। যে রোগের যে ঔষধ তারা পাঠ্যসূচিতে পড়ে তারা মনে করে এ রোগের ঔষধ একমাত্র এটাই। এই দৃঢ়বিশ্বাসের পরে জ্ঞান অর্জন সমাপ্ত করে যখন তারা কর্ম জিবনে অবতীর্ণ হয়, তখন নিজ জ্ঞান অনুযয়ীই জীবনযাপন করে। তাদের মধ্যে আপনারা দেখবেন না যে কেউ ডাক্ডারী পড়ে শাড়ী বা কাপড়ের দোকানদারী করে যে ইঞ্জিনিয়ার হয় সে ইঞ্জিনিয়ারিং বিভাগেই কাজ করে।

সুতরাং দুনিয়াবী নিয়মে কোন দ্বীনিজ্ঞান অর্জনকারীর মধ্যে কোন ক্রটি বিচ্যুতি দেখা দিলে তাহলে এই ক্রটি -বিচ্যুতি ঐ এলেমের নয়, বরং ঐ চিন্তা-চেতনার যা আমাদেরকে এই এলেমের মধ্যেই মুসলমানদের ইজ্জত আর সম্মানের সন্ধান দেয়, কিন্তু তার উপর আমরা বিশ্বাস করি না। যখন বিশ্বাসই করি না, তখন কর্মজীবন ঐ এলেম অনুযায়ী কিভাবে অতিবাহিত করবং একটু চিন্তা করুন যে, আমাদের আকাবেরদের মধ্যে যারা আল্লাহ এবং আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর এলেমকে অন্তরের দ্বারা বুঝেছেন এবং বিশ্বাস করেছেন, পুর্নঃরায় সে অনুযায়ী জীবনযাপন করেছেন, আল্লাহ তায়ালা তাদেরকে দুনিয়াতে সম্মানী বানিয়ে দেখিয়েছেন।

আমাদের কত বড় বড় আকাবের যারা দুনিয়া থেকে বিদায় হয়ে গেছেন এবং যারা এখনো দুনিয়াতে জীবিত আছেন, আপনারা নিজ চোখে দেখ ছেননা না? দুনিয়ার মানুষ এ কথার উপর গর্ববাধ করে যে, অমুক বুজর্গ আমার ঘরে কদম রেখেছেন, অমুক বুজর্গ আমার ঘরে তাশরীফ এনেছেন। মানুষ তাদের সম্মানে পিছনে সরে দাঁড়ায়। এটা একমাত্র এলেমের সম্পর্কের কারণেই। আর যদি আমরা যা কিছু শিখতেছি তা বিশ্বাস করতাম, আমরা যদি কুরআনের ঐ হুকুমকে বিশ্বাস করতাম যে,

যে আল্লাহকে ভয় করে তাক্ওয়া অবলম্বন করবে, আল্লাহ তায়ালা প্রত্যেক সংকীর্ণতার মধ্যে তার জন্য রাস্তা বের করে দিবেন। তার জন্য সুখ স্বাচ্ছন্দের দরজা খুলে দিবেন। তাকে উচ্চ মর্যাদাসম্পর্ণ্য রিজিক নছীব করবেন। যদি আমাদের একথার উপর বিশ্বাস থাকতো, হুযুরের হুকুমের উপর যে

أُحِلَّتُ لِيَ اللَّهَ نَائِمُ وَجُعِلَ رِزْقِي تَحْتَ ظِلِّ رُمُحِي -

আল্লাহ তায়ালা মুসলমানদের সুখ শান্তি জিহাদের ময়দান থেকে অর্জিত গনিমতের মালের মধ্যে রেখেছেন।তাদের সুখ শান্তির সব ব্যবস্থা, এর মধ্যেই হবে। পুনরায় মুসলমান ব্যবসা বাণিজ্যের পিছনে দৌড়াতোনা। এই এলমে দ্বীন অর্জনকারী এলেম অর্জনের শেষ বৎসর চাকরীর জন্য চিন্তা করত না। এদিকে দৃষ্টিও দিত না যে, ফারেগ হওয়ার পরে আমি কোথায় যাব, আমার রুজি কোথথেকে মিলবে, আমি কোথায় চাকরী তালাশ করব, কোন মসজিদটা নতুন নির্মাণ হয়েছে। যদি এর মধ্যে ্যবিশ্বাস হত যে, আমার স্থীনায় আল্লাহ তায়ালার পবিত্র এলেম রয়েছে এবং এই এলেমই আমাকে বলেছে যে, যে ব্যক্তি এই এলেম অনুযায়ী আমল করবে আল্লাহ তায়ালা তাকে দুনিয়াতে ইজ্জত ও সম্মান দিবেন। যে এলেম অনুযায়ী আমল করবে আল্লাহ তার জন্য উত্তম রিজিকের ব্যবস্থা করবেন। যে নিজ এলেম অনুযায়ী আমল করেন, আল্লাহ তায়ালা তাকে মর্যাদাবান করেন ও তাকে বাদশাহী দান করেন। কোরআন ও হাদিস এই ব্যাপারে স্পষ্ট বয়ান করেছে।

أنَّ الْأَرْضَ يَرِثُهُا عِبَادِي الصَّالِحُونَ -

এই যমীনের মালিক আল্লাহ এবং এই জমিনের মালিকানা আল্লাহ তার নেক বান্দাদের দান করেন। যে ব্যক্তি কোরআন মাজিদে একথা পড়েছে যে, এই জমিনের হাকিম এবং বাদশাহীর উপযুক্ত একমাত্র দ্বীনি এলেম অর্জনকারী আল্লাহ্র নেক বান্দারাই। তাহলে তাদের অন্য কোন দিকে দেখার প্রয়োজন নেই। বাদশাহর ছেলে চাকরী তালাশ করে না, শাহজাদা দোকানদারী করে না, শাহাজাদা নিজ ভবিষ্যত নিয়ে চিন্তিত হয় না। ঠিক তদ্রুপ তোমরাও আল্লাহর এই জমিনে শাহজাদা এবং তার দ্বীনের ও তাঁর এলেমের সংরক্ষণকারী। এই সব কিছু আল্লাহ তায়ালা তোমাদের পায়ের ধুলো হিসেবে সৃষ্টি করেছেন। এই এলেমকে নিজ বক্ষে ধারণ করে তুমি যদি ঠিক হয়ে যাও এবং তার উপর বিশ্বাসস্থাপন করে, ঐ রাস্তাকে অবলম্বন কর যে রাস্তার ফলাফল আল্লাহ ও তার রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মান মর্যাদা, ও ইজ্জত সন্মান আখ্যা দিয়েছেন, এবং দুনিয়া ও আপ্রেরাতের সুখ আর শান্তির গ্যারান্টি দিয়েছেন। তাহলে কোন কারণ নেই যে, আমাদের রাস্তায় কেউ প্রতিবন্ধকতা সৃষ্টি করবে।

এই জন্য আমাদের এ ছোটখাখাট চাকরী বাকরীর দিকে, দুনিয়াদারের সম্পদের দিকে, দুনিয়াদারদের ইজ্জত ও সম্মানের দিকে দেখার কোন প্রয়োজন নেই। আজ এই ধরনের অসংখ্য নজির আমাদের জীবনে দেখিয়ে দিয়েছেন। এবং এই এলেমের উপরে যদি আমল করা হয়, আর এই আমলের সবচেয়ে বড় অংশ হল জিহাদের ময়দানে বের হওয়া। যার দ্বারা মুসলমানদের দুনিয়াতে ইজ্জত ও সন্মান মিলবে এবং আখেরাতে ও বাদশাহী মিলবে। আমরা তালেবানের রূপে দ্বীনি তোলাবাদের (ছাত্রদের) ইজ্জত দুনিয়াতে বৃদ্ধি পেতে দেখেছি। আমরা মাওঃ মাসউদ আযহার সাহেব (দাঃ বাঃ) এর রূপে দ্বীনি এলেমের উত্তরসূরীদের সন্মান সমস্ত দুনিয়ায় বৃদ্ধি পেতে দেখেছি। আর কোন উপমা, কোন নজির দেখার প্রয়োজন নেই। হয়তো আমরা মনে করতে পারি, এইগুলোতো অনেক পুরাতন কাহিনী এবং তারা অনেক মহান ব্যক্তি ছিলেন এবং এগুলো কিতাবের কথা বার্তা। তাহলে আমি বলব, আজ আমাদের জীবনে আমাদের এক সাথে পভুয়া সাথী একসাথে চলাফেরার সাথীদের ইজ্জতও সন্মান বৃদ্ধি করে আমাদের নিজ চোখে আল্লাহ তায়ালা নজির দেখিয়ে দিয়েছেন।

তার পরে আমাদেরও উচিত যে, আমরা ঐ রাস্তায় চলে যদি আল্লাহর
হুকুমকে পুরো করি, যেমনভাবে নামাজ পড়ি, রোযারাখি, কোরআন তেলাওয়াত
করি, তেমনি আজকে যদি জিহাদের ফরিযাকে আদায় করি, আল্লাহর দ্বীনের
বুলন্দীর (বিজয়ের) জন্য আমরা অগ্রসর হই তাহলে আল্লাহ তায়ালা এখানেও
সম্মানিত করবেন, ঐখানেও (আখেরাতে) সম্মানীত করবেন। এটা আল্লাহ
তায়ালার ওয়াদা ও অঙ্গীকার। সাহাবায়ে কেরাম (রাঃ) খুব জাের গলায় একথা
বলতেন যে, আল্লাহ তায়ালা আমাদের সাথে ওয়াদা করেছেন।

তোমাদের মধ্যে যে ব্যক্তি আমার দ্বীনের বুলন্দীর (বিজয়ের) জন্য ময়দানে বের হয়ে জীবিত থাকবে তাকে আমি দুনিয়ার বাদশাহ বানাব। আর যে ব্যক্তি আমার রাস্তায় মৃত্যুবরণ করবে তাকে জান্নাতের বাদশাহ বানাব। আল্লাহ তায়ালা উভয় জাহানেই আমাদের জন্য সুখ-শান্তির ব্যবস্থা রেখেছেন। তারপরে চিন্তার কি আছে এই এলেম নিজ বক্ষে ধারণ করে এবং তার বিশ্বাস ধীরস্থির ভাবে অন্তরে স্থাপন করে তার উপর আমল করে সামনে বাড়ুন। তাহলে দেখবেন দুনিয়ার সমস্ত পদ মর্যাদা আপনাদের অপেক্ষায় অপেক্ষমান।

মাদ্রাসা ছাত্রদের উদ্দেশ্যে মাওলানা মাসউদ আযহার (দাঃ বাঃ)-এর মূল্যবান বয়ান

প্রিয় ছাত্র ভাইয়েরা তোমরা আল্লাহর সৃষ্টির শ্রেষ্ঠ মানুষ। তোমরা নিজেদের মর্যাদার পরিধি নাও জানতে পার, কিন্তু ফেরেশতাগণ তোমাদের মর্যাদা সম্পর্কে সম্পূর্ণ অবগত। আর তাইতো তারা তোমাদের পায়ের নিচে স্বীয় ডানাগুলো বিছিয়ে দেয়। তোমরা আসমানী সংবিধানের রক্ষক, কুল মাখলুকাতের শ্রেষ্ঠ মানবের জ্ঞানের উত্তরাধিকারী। তোমরা এই পার্থিব দুনিয়ায় পার্লামেন্ট সদস্যদের মত। কোন সরকারী সৈন্য ও অফিসারদের মত মানব রচিত সংবিদানের বেতনধারী সংরক্ষক নও, বরং তোমরা তো সেই ঐশী সংবিধানের সংরক্ষক যা সমগ্র জগতের রাজাধিরাজ মহান আল্লাহ তায়ালা পবিত্র কুরআনের আকৃতিতে অবতীর্ণ করেছেন।

কাজেই প্রিয় ভাইয়েরা, তোমরা স্বীয় মর্যাদাকে অনুধাবন করার চেষ্টা কর, তোমাদের চাটাইয়ের বিছানা ও আসন আল্লাহর নিকট এই পৃথিবীর রাজা-বাদশাহদের স্বর্ণখচিত সিংহাসনের চেয়েও অনেক অনেক উত্তম। তাই এই অস্থায়ী দুনিয়ার মোহে পড়ে স্বীয় সাধাসিধে জীবনযাপনের পথকে পরিহার করা উচিত নয়। তোমাদের সুন্নাতের অনুসরণ এবং সাধারণ চালচলন আল্লাহর নিকট অধিক প্রিয়। অতএব বর্তমান দুনিয়ার চাকচিক্যে আর নতুন নতুন ফ্যাশনের পিছনে পড়ে নিজেদের রীতিনীতির পরিবর্তন ঘটানো তোমাদের জন্য কিছুতেই শোভা পায় না।

তোমরা নিজেদের চিন্তা-চেতনাকে আকাশ সম উঁচু আর কৃতকর্মকে ফেরেশতাদের চেয়েও উর্ধ্বে মনে করবে। কারণ তোমরাই হচ্ছ সকল গ্রন্থের সেরা মহাগ্রন্থ আল-কোরআনের আমানতদার। জেনে রেখ, আল্লাহর নিকট তোমাদের এত মর্যাদার কারণ একটিই; তা হল তোমরা তাঁর এলেমের তালেব (জ্ঞান আহরণকারী)। কাজেই এলেমকেই তোমাদের গায়ের চাদর এবং বিছানা বানানো উচিত। কালের বিবর্তনে দিন দিন নিভে যাচ্ছে এলেমের নূর। বিদায় নেওয়া আকাবিরদের শূন্য স্থানগুলো যেন করুণ দৃষ্টিতে তাকিয়ে আছে তোমাদের দিকে। সম্প্রতি মুরব্বীদের বিদায়ের অবস্থাদৃষ্ঠে হদয় কেঁপে ওঠে। তাই তালেবে এলেম ভাইয়েরা! আল্লাহর দোহাই, তোমরা প্রকৃত তালেব হও, জ্ঞানে গভীরতা এবং মজবুতী অর্জন কর। রাত্রিকে অধ্যয়নে কাটিয়ে দাও। আর 'যে চেষ্টা করে সে পায়' এই বাক্যটির রহস্য উৎঘাটন কর। যতক্ষণ পর্যন্ত সিলেবাস অন্তর্ভূক্ত প্রত্যেকটি কিতাবের প্রতিটি লাইন বুঝে না আসবে ততক্ষণ উক্ত কিতাবের সনদ গ্রহণ হারাম মনে কর।

স্মরণ রেখ! তোমাদের মেহনত ও পরিশ্রমই মুসলিম উন্মাহর ভবিষ্যতকে উচ্জুল করতে পারে! আবার তোমাদের গাফলত এবং অলসতাই সমগ্র জাতির উপর ফিৎনা, ফাসাদ এবং অজ্ঞতার কালো চাদরের আবরণ দিতে পারে। অতএব কখনো সময় নষ্ট করবে না। আর জেনে রেখ, মানুষের সন্মান তার সময়ের মূল্যতেই বুঝা যায়। নিজের মধ্যে আসহাবে ছুফফার ন্যায় জযবা সৃষ্টি কর। অ্নাড়ম্বর জীবন যাপন আর সুনুতের অনুসরণকেই নিজেদের সৌন্দর্য্য মনে কর। নিজেদের স্মৃতিশক্তির হেফাজতকে দায়িত্ব মনে কর, কেননা তোমাদের যেহেন ও স্থৃতিশক্তি হচ্ছে পবিত্র এলমের স্থান। আর এজন্য এর মূল্যও সীমাহীন। যেমন কোন কাগজে কোরআন মজীদ লিপিবদ্ধ হলে তার মূল্য বেড়ে যায়। তার হেফাজত করা প্রত্যেকের দায়িত্ব হয়ে পড়ে। ঠিক অনুরূপ যে জেহেনে কোরআনের এলেম সঞ্চিত হয় তার হেফাজত করাও ঠিক তেমনি কর্তব্য হয়ে পড়ে। কাজেই এই যেহেনের হেফাজতের জন্য তোমাদের বিভিন্ন পন্থা অবলম্বন করা দরকার। যেমন-প্রতিদিন ব্যয়াম করা, কমপক্ষে আধা মন্টা পায়ে হাঁট, ছবি, ফটো ইত্যাদি দেখা তেকে বিরত থাকা, গান-বাদ্য বাজানা শোনা থেকে পরজেহ করা, রাত্রে ঘুমানোর পূর্বে চারটি বাদাম, চারটি কালো মরিচ, চারটি কিসমিস এবং চার মাশা পরিমাণ মিসরি মিলিয়ে খাওয়া। ফজরের পর সূর্য উঠার পূর্বে ঘুম না যাওয়া, চবিশে ঘন্টায় আট ঘন্টার অধিক না ঘুমানো। স্মরণ রাখা উচিৎ, আমাদের বুযুর্গানে কেরামগণ নিজেদের শারীরিক সুস্থাতার প্রতি খুব দৃষ্টিবান ছিলেন নিজেদের শরীরকে কঠিন সময়ে সহ্য করার উপযোগী করে গড়ে তুলতেন। আজ বিধর্মীরা তাদের সকল ধর্মীয় প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত শারীরিক ব্যয়ামের ব্যবস্থা রেখেছে। এমনকি তাদের সত্তর বছর বয়স্ক ধর্মীয় গুরুরা র্পন্ত প্রতিদিন বুকডন, হাই জাম্প লংজাম্প দিয়ে থাকে। অথচ শরীর চর্চার এই শিক্ষা ইসলামই সর্বপ্রথম দিয়েছে। স্বয়ং ছজুর (সাঃ) থেকেই দৌড়ানো, তীর নিক্ষেপ, ঘোড়া দৌড়ানো, কুন্তিগীরি ইত্যাদির সুস্পষ্ট প্রমাণ রয়েছে। এছাড়া হযরত ওমর ফাব্লুক (রাঃ) থেকেও তার লাফ দিয়ে ঘোড়াতে ওঠার কথা প্রমানিত আছে। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, আজ আমাদের সকল মাদ্রাসাগুলোতে কি এক অলসতার পরিবেশ সৃষ্টি হয়েছে যা বলার মত নয়।

ছাত্র ভাইয়েরা!

আল্লাহর ওয়ান্তে এই নিকৃষ্ট পরিবেশকে দূর কর। নিজ নিজ শরীরকে মজবুত এবং পাতলা বানানোর চেষ্টা কর। আর নিজে যদি কোন মাদ্রাসার দায়িত্বশীল হও তবে এই শরীরচর্চাকে প্রত্যেক ছাত্রের জন্য অবধারিত করে দিবে। কেননা পরিচালকের পক্ষ থেকে এর প্রতি দৃষ্টি দেওয়া না হলে কিছুতেই এর পরিবেশ সৃষ্টি হবে না। যেমন আজকাল শরীর চর্চা, ব্যায়াম কেবল ঐসব

ছাত্ররাই করে যারা পড়ালেখার প্রতি যতুবান নয়। আর যারা পড়ালেখার প্রতি যতুশীল তারা চাদর পেঁচিয়ে বসে থাকে। এতে অধিকাংশ ছেলেদের শরীর সামান্য কষ্ট সহ্যেও অপারগ হয়। ফলে তাদের বিভিন্ন রোগ ব্যথি দেখা দেয়। আর তারা একথাও একদম ভুলে বসে যে আমাদের আকাবিরগণ এ সকল মাদ্রাসা প্রতিষ্ঠা করেছেন মুসলিম উন্মাহকে জিহাদের প্রতি উদ্বুদ্ধ ও আত্মানিয়োগ করার জন্য। অতঃপর ঐ সমস্ত অলসেরা পরবর্তিতে কোরআনের জিহাদ সংক্রান্ত আয়াতগুলোর বিভিন্ন তা'বীল করার চেষ্টা করতে থাকে।

শারীরিক সুস্থাতার জন্য পরিস্কার-পরিচ্ছনুতা অপরিহার্য্য। ইসলামে পরিচ্ছনুতার প্রতি বিশেসভাবে গুরুত্বারোপ করা হয়েছে। ছাত্রদের এ ব্যাপারে পূর্ণ সজাগ থাকা একান্ত জরুরী। দাঁত, কান, চোখের হেফাজতের জন্য নিয়মিত মিসওয়াক, সুরমা ইত্যাদির ব্যবহার করা উচিত। মাথায় নিয়মিত তৈল ব্যবহার করবে, শ্যাম্পু ব্যবহার পরিত্যাগ করবে। কেননা শ্যাম্পু দেমাগের জন্য ক্ষতিকারক বৈ উপকারী নয়। এছাড়া নিয়মিত গোসল করা এবং পরিস্কার পরিচ্ছন্ন পোশাক পরিধান করার প্রতি গুরুত্ব দিবে।

সাথে সাথে প্রত্যেকটি ছাত্রের ইহাও কর্তব্য যে তারা পড়ালেখার পাশাপাশি সর্বক্ষণ দ্বীনের দুর্দশা এবং মুসলিম উন্মাহর করুণ অবস্থার প্রতি চিন্তাশীল হবে। কেননা এই ফিকির এবং চিন্তাই তাদের প্রতিভাকে ফুটিয়ে তুলবে। ক্ষুরদার করে তুলবে তাদের লেখনী এবং বক্তৃতাকে। আর এজন্য প্রত্যেক ছাত্রের উচিং বর্তমান মুসলিম উন্মাহর অবস্থা নিয়ে বেশি বেশি ফিকির করা, আর বিশেষভাবে লক্ষরাখা যে, কিভাবে পৃথিবীর বুক থেকে ইসলাম উঠে যাচ্ছে, কিভাবে মুসলিম জাতির বিরুদ্দে ষড়যন্ত্রের নীলনকশা প্রণীত হচ্ছে। দ্বীনের এই দুর্দিনে যদি আল্লাহর নবী মুহাম্মদুর রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লম বেঁচে থাকতেন অথবা এই নাজুক মুহুর্তে যদি নবীজী পৃথিবীতে আগমন করতেন, তবে তাঁর অবস্থা কি হতঃ তিনি কি পরিমাণ মেহনত করতেনঃ

প্রিয় ভাইয়েরা! তোমাদের হৃদয় সর্বদা উন্মতের ফিকিরে কম্পমান, আর তোমাদের চক্ষু আল্লাহ্র ভয়ে সর্বদা ক্রন্দনশীল হওয়া উচিৎ। জেনে রেখ, আমাদের আকাবিরগণ এলেমের সাগর ছিলেন, আর তাদের হৃদয় ছিল এলেমের নুরে ভরপুর। তাদের জীবনাদর্শই তোমাদের আদর্শ হওয়া উচিত। তাদের পথই তোমাদের পথ হওয়া উচিত। তাই আকারিরগন য়ে সকল মাসআলার সিদ্ধান্ত দিয়ে গেছেন সেগুলোকে পুনরায় নতুনভাবে তাহকীক করার নামে অথথা সময় অপচয় করা উচিত হবে না। বরং সেই সময়টুকু পৃথিবীতে দ্বীন প্রতিষ্ঠার পেছনে বায় কর। আর নতুন সমস্যার সমাধানের চেষ্টা কর। শ্বরণ রেখ, আকাবিরদের

পথ থেকে বিমুখ হলে আমরা সঠিক পথ থেকে বহুদূরে নিক্ষিপ্ত হবো। ধ্বংস করব নিজের মূল্যবান জীবনকে।

প্রিয় ছাত্র ভাইয়ের! আগেকার মাদ্রাসাগুলোতে ছাত্রদের সীমাহীন কষ্ট ভোগ করতে হত কিন্তু আলহামদুল্লিহে! এখন ভাল ভাল খানা সহ যাবতীয় সুযোগ সুবিধার ব্যবস্থা রয়েছে। আর এজন্য নফছ তার চাহিদা মেটানোর সুযোগ পাছে। জেন রেখ, প্রত্যেক ব্যক্তির জন্যই আত্মশুদ্ধি ফরয়। কাজেই তোমরাও এ ব্যাপারে গাফেল না হয়ে কোন হক্কানী বুযুর্গের বাতানো আমল পালন করতে থাকবে। কারণ এর বদৌলতে তোমাদের এলেম ও আমলে বরকত হবে এবং দুনিয়ার মোহ সহ যাবতীয় কিৎনা থেকেও বাঁচতে পারবে।

প্রিয় ছাত্র ভাইয়েরা! জেনে রেখ, দুনিয়া পূজারী আলেম শয়তানের বয়ু। আর কাপুরুসও ভীতু আলেম জাতিকে ধ্বংসের মুখে ঠেলে দেয়। অহংকারী আলেম তিক্ত বৃক্ষের ন্যায়। রিয়াকার (লোক দেখানো) আলেম মুনিাফিকীর এলেমের বোঝা বহনকারী তাই নিজেদেরকে আকাবিরদের দেখানো পথে চালিয়ে ভীত, অহংকার এবং রিয়াকে কখনো প্রশ্রয় দিবে না। বরং উত্তম চরিত্র, ভাল গুণ এবং উত্তম আমলের মাধ্যমে নিজেকে এলেম আর জাহাদের ময়দানে জাতির নেতৃত্যুদানের যোগ্য করে গড়ে তুলবে।

ছাত্র ভাইয়েরা! মনে রাখবে তোমরা কোন নির্দিষ্ট দেশ, নিদিষ্ট জাতি বা নির্দিষ্ট এলাকার কর্ণধার নও। বরং তোমরা সেই মহান নবীর এলেমের উত্তরাধিকারী যিনি দেশ, জাতি ও কওমের ভেদাভেদকে ছিন্ন করে সমস্ত মুসলমানকে একটি শরীর হিসেবে আখ্যা দিয়েছেন। তাই তোমাদেরও উচিত দেশ, জাতি, এলাকা, ভাষা ইত্যাদির পার্থক্যকে ছিন্ন করে সকলকে ঐক্যবদ্ধ করার জন্য সর্বক্ষণ চেষ্টা করা। স্মরণ রেখ; তোমরাই আগামী দিনের ভবিষ্যত ৷ তোমাদের দিকেই তাকিয়ে আছে সমগ্র মুসলিম জাতী, তোমাদের কাঁধেই বর্তাবে জাতির দায়িত্বভার। কাজেই নিজেকে এ মহান দায়িত্ব পালনের যোগ্য করে গড়ে তোলার জন্য রাতদিন নিয়োজিত থাক। তোমাদের কাছে আমার সর্বশেষ কথা। এই আলোচনাতে আমি মাদ্রাসাগুলোর তিনটি রোগের কথা বর্ণনা করছি। বর্তমানে এই রোগগুলো অধিকাংশ মাদ্রাসাগুলোতেই ছড়িয়ে পড়েছে। অত্যন্ত দুঃখের সাথে বলতে হচ্ছে মাদ্রাসাগুলোতে (শুরা) কমিটি না থাকার দরুণ অথবা থাকলেও তা কার্যকরী না হওয়ার কারণে সাহেবজাদারাই ক্ষমতা দখল করে বসে। হ্যাঁ। যদি সেই সাহেবজাদার মাদ্রাসা চালানোর মত যোগ্যতা থাকত তবে কোন দুঃখের বিষয় নয়, বরং তা খুশীর কথা। কিন্তু বর্তমানে দেখা যায়, অনেক মাদ্রসায় মূর্খও আযোগ্য সাহেবজাদারা মাদ্রাসাকে পৈত্রিক সম্পত্তি ভেবে তা দখল করে নেয়। শুধু তাই নয়, রবং অনেক মাদ্রাসায় দেখা যায় পিতার বর্তমানেই তার ছেলেকে ছোট্ট মুহতামিম বিশেষণে ভূষিত করা

হয়। অথচ জানা নেই যে, সে পরবর্তীতে পিতার খলীফা হবে, না পিতার নাম বিক্রিকারী হবে**? ছাত্র ভায়েরা!** তোমরা যখন কর্মজীবনে পদার্পণ করবে খবরদার এসকল ব্যধি থেকে অবশ্যই পরহেজ করবে এবং এগুলো উৎখাতের জন্য আপ্রাণ চেষ্টা করবে।

সর্বসাধারণের উদ্দেশ্যে দুটো কথা ঃ

পাঠকবৃন্দ! আপনারা উপরে বর্ণিত আলোচনা থেকে অবশ্যই মাদ্রাসার প্রয়োজনীয়তা এবং গুরুত্ব সম্পর্কে উপলব্ধি করতে পেরেছেন। এছাড়া নিছে দের অভিজ্ঞতার আলোকেও বুঝতে পারেন যে, বর্তমান মুসলিম উম্মাহর জন্য এ সকল মাদ্রাসার কত যে প্রয়োজন। কাজেই আপনারাও নিজ নিজ দায়িত্ব অনুধাবন করার চেষ্টা করুন। আল্লাহর একমাত্র মনোনীত ধর্ম ইসলামকে রক্ষার নিমিত্তে এসকল মাদ্রসায় সর্বাত্মক সহযোগিতা করুন। নিজেদের সন্তানদের দ্বীনি শিক্ষা দিয়ে আখেরাতে কামিয়াব হোন। জেনে রাখুন! এ সকল মাদ্রাসা হচ্ছে নিঃসন্দেহে দ্বীন রক্ষার এক একটি মজবুত দুর্গ। অবশ্যই তারা ভাগ্যবান যাদেরকে আল্লাহ এই দূর্গ বাননোর জন্য তাওফিক দিলেন।

জিহাদ সম্পর্কে মানুষের প্রশ্ন, কুরআনের জবাব

আপনি যদি জিহাদ সম্পর্কে পবিত্র কুরআনকে প্রশ্ন করেন, তবে দেখবেন, খন্ডিত-সমগ্র ছোট-বড় যে কোন প্রশ্নের জবাব আপনি পাচ্ছেন।

কুরআন মজীদকে প্রশ্ন করুন, বল জিহাদের হুকুম কি?
এর জবাবে সে স্পষ্ট বলবে- ﴿ كُبِّتِبُ عَلَيْكَ الْقِتَالُ

'তোমাদের উপর জিহাদ ফরয করা হয়েছে' (সূরা ঃ বাকারা- আয়াত ২১৬)।

যদি তাকে প্রশ্ন করা হয়, বল, আমরা জিহাদ করলে কি মর্যাদা পাব আল্লাহর কাছে?

সে বলবে- إِنَّ اللَّهَ يُحِبُّ الَّذِيْنُ يُقَاتِلُونَ فِى سَبِيلِهٖ صَفًّا 'আল্লাহ তাদেরকে ভালোবাসেন, যারা তাঁর পথে সারিবদ্ধভাবে লড়াই করে।' (সূরা ঃ আস-সফ- আয়াত 8)

বল, হে কুরআন! কতদিন আমাদেরকে যুদ্ধ করতে হবে? পবিত্র কুরআন বলবে- وَقَاتِلُو هُم حُتِّى لَاتَكُونَ فِتُنَةً

'তোমরা যুদ্ধ কর যতক্ষণ না পৃথিবী থেকে ফেতনা-ফাসাদ সাকুল্যে নির্মূল হয়।" (সূরা ঃ আনফালঃ আয়াত - ৩৯)

বল, এতে আমাদের কি উপকার হবে?

সে দ্ব্যর্থহীনভাবে বলবে, এতে ছয়টি উপকারিতা রয়েছে ঃ

'যুদ্ধ কর ওদের সাথে আল্লাহ তোমাদের হাতে ওদের (ইসলাম বিরোধীদের) শাস্তি দেবেন।'

দুই. وَيُخُرُهِمُ 'আঁল্লাহ ইসলাম বিরোধী কাফিরদের লাঞ্ছিত করবেন।'

তাদের কোন সভ্যতা-সংস্কৃতি অবশিষ্ট থাকবে না, থাকবে না তাদের কোন মাতব্বরী ও দাপট। তারা জীবন যাপন করবে চরম অবমাননাকর।

তিন. وَيَنْصُرْكُمُ عَلَيْهِمَ 'তাদের বিরুদ্ধে তোমাদের জয়ী করবেন।'

আল্লাহর নির্দেশে তোমাদের বিজয় বরণে সাহায্য করবে আকাশ বাতাস, পশুপাখী ও ফেরেশতাসহ পৃথিবীর প্রতিটি বস্তু।

চার. وَيَشُفِ صُدُورَ قَوْمٍ مُثَوَّمِنِيَّنَ 'মুর্সলমানদের অন্তরসমূহ শান্ত করবেন।'

তোমাদের হৃদয় শান্ত হবে। আজ যে মা-বোনেরা আরকান ও কাশ্মিরে কাঁদছে, যাদের ইজ্জত বুডিডেন্ট ও ব্রাক্ষ্রণ্যবাদী হায়েনারা লুটছে, যারা স্বাধীনতা হারিয়ে পরদেশে রিফিউজী ক্যাম্পে মানবেতর জীবনযাপন করছে, তারা স্বন্তির নিঃশ্বাস নিয়ে আপন আলয়ে ফিরে যাবে, নিজেদের হাতে ক্ষমতা আসবে। সকল প্রকার জুলুম অপসারিত হয়ে নিরাপত্তা ও শান্তির পরিবেশ সৃষ্টি হবে-যদি তারা জালিমের মোকাবেলায় সাহসে বুক বেঁধে জিহাদে ঝাঁপিয়ে পড়ে। এছাড়া আযাদী ছিনিয়ে আনা এবং সম্মান ও ইজ্জত সুরক্ষার কোন বিকল্প পথ নেই।

وَيُذُهِبُ غَيْضَ قُلُوبِهِمُ اللهِ

'এবং তাদের মনের ক্ষোভ দূর করবেন।'

তোমাদের বুকে জমায়িত সকল রাগ ও ক্ষোভ কাফেরের উপর পতিত হবে। পারস্পরিক দ্বন্দ্ব ভুলে যাবে। বিজয়ী মুসলিম শক্তি একে অপরকে ভাইরূপে বরণ করে নেবে। সৃষ্টি হবে পারস্পরিক সৌহার্দ্যের পরম পরাকাষ্ঠা।

وَيُتُوبُ اللَّهُ عَلَى مَنْ يَشَاءُ اللَّهُ عَلَى مَنْ يَشَاءُ

'এবং আল্লাহ তোমাদের সকলকে ক্ষমা করে দেবেন।' (সুরা ঃ তওবা ঃ আয়াত - ১৪) বল, হে কুরআন! যুদ্ধে অবতীর্ণ হলে অন্যদের তুলনায় আমাদের কী পরিমাণ মর্যাদা বৃদ্ধি পাবে?

কুরআন বলছে ঃ

'যারা জান ও মাল দারা জিহাদ করে, আল্লাহ তাদের পদমর্যাদা বাড়িয়ে দিয়েছেন গৃহে উপবিষ্টদের তুলনায় এবং প্রত্যেকের সাথেই আল্লাহ কল্যাণের ওয়াদা করেছেন। আল্লাহ মুজাহিদীনকে উপবিষ্টদের উপর মহান প্রতিদানে শ্রেষ্ঠ করেছেন। উন্মতের অন্যান্য সদস্যের তুলনায় তাদের মর্যাদা বহুগুণে বেশী।'

অনেক বেশী মর্যাদার কথা ভনলাম, কিন্তু তা পাওয়ার কোন নিক্যতা আছে কি?

তাদের যুদ্ধে অবতরণের স্বীকৃতি স্বরূপ এবং পুরস্কারের গ্যারান্টি দিয়ে আল্লাহ তায়ালা শপথ করে বলেছেন ঃ

'শপথ উর্ধ্বশ্বাসে চলমান অশ্বসমূহের। অতপর ক্ষুরাঘাতে অগ্নিবিচ্ছুরিত অশ্বসমূহের।'

এরপর আর পুরস্কার প্রাপ্তিতে সন্দেহের অবকাশ থাকে কি?

হে কুরআন! এবার বল, ইসলাম বিরোধী কাঞ্চিরদের সাথে আমরা লড়ব, তবে এর কোন্ অংশের উপর প্রথম আঘাত হানব?

সে বলছে ঃ وقَاتِلُوا اَولِيكَاءَ الشَّيْطَانِ

তোমরা জিহাদ করতে থাক শয়তানের পক্ষাবলম্বনকারীদের বিরুদ্ধে।' (সূরা ঃ আন-নিসাঃ আয়াত-৭৬)

فَقَاتِلُوا أَئِمَّةُ الْكُفْرِ ٩٦٠

'কুফর প্রধানদের সাথে যুদ্ধ কর।'

অর্থাৎ প্রথমে তাগুদের এজেন্টদের সাথে এবং কাফির নেতাদের সাথে যুদ্ধ কর।

হে কুরআন বল, রণাঙ্গনে আমরা কিভাবে যুদ্ধ লড়ব?

'তোমরা যখন কোন বাহিনীর সাথে সংঘাতে লিপ্ত হও, তখন সুদৃঢ় থাক।'

কিভাবে আমরা দৃঢ়পদ থাকব? সমুখ দিক থেকে ঝাঁকে ঝাঁকে গোলা-বারুদ আসছে, উপর থেকে বোমা নিক্ষেপিত হচ্ছে, পায়ের তলা থেকে মাইন বিক্ষোরিত হচ্ছে, তখন?

فَاذُكُرُوا اللَّهُ अविव কুরআন বলছে ؛ فَاذُكُرُوا اللَّهُ

'তখন আল্লাহকে স্মরণ কর।'

তিনিই বোমা, বিমান ও মাইনকে অকেজো করে দেবেন।

হে কুরআন! রণাঙ্গনে যদি আমরা নিহত হই, তবে কি আমরা মরে যাব, লোক আমাদেরকে কি মৃত বলবে?

না, তোমাদেরকে মৃত ব্লতে বারণ করা হয়েছে। পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা বলছেন ঃ وَلَا تَقُولُ لُوا لِمَنُ يُكَفِّ تَكُ فِي سَبِيلِ اللّٰهِ اَمْوَاتُ

'যারা আল্লাহর রাস্তায় নিহত হয় তাদের তোমরা মৃত বল না।' (সূরা ঃ বাকারা ঃ আয়াত - ১৫৪)

উপরস্থ এদেরকে মৃত ধারণা করতেও নিষেধ করে বলা হয়েছে । وَلَاتَحُسَبَنَ الَّذِيْنَ قُبِّلُوا فِي سَبِيْلِ اللَّهِ اَمُواتَا

'আর যারা আল্লাহর রাহে নিহত হয়, তাদেরকে তুমি কখন মৃত মনে কর না।'

কুরআনকে যদি জিজ্ঞেস করা হয়, আমরা জিহাদে নিহত হলে কি আমাদের আমলনামা বন্ধ হয়ে যাবে?

না- وَالَّذِيْنَ قُتِلُوا فِى سَبِيْلِ اللَّهِ فَلَنُ يُضِلَّ أَعُمَالُهُمُ 'যারা আল্লাহর পথে শহীদ হয়, আল্লাহ কখনই তাদের কর্মবিনষ্ট করবেন না।' কবরবাসী হয়েও তারা শাহাদাতের বরকতে সওয়াব পেতে থাকে।

যদি জিজ্ঞেস করা হয়, আমরা জিহাদ না করলে কি জিহাদ বন্ধ হয়ে যাবে?

কখনই নয়। তবে الْكُ تَنْفِرُوا يُعَذِّبُكُمْ عَذَابًا اَلِيْمًا তবে الْكَ تَنْفِرُوا يُعَذِّبُكُمْ عَذَابًا اَلِيْمًا 'যদি জিহাদে বের না হও, তবে আল্লাহ তোমাদের মর্মদত্তু আযাব দেবেন।' (উপরস্তু) এবং وَيُسْتَبُدِلُ قَوْمًا غَيْرَكُمُ

অপর জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন।' (সূরা ঃ তাওবা- আয়াত ৩৯)

এই অপর জাতির বৈশিষ্ট্য কি হবে?

তাদের বৈশিষ্ট হবে : اَذِلَّةٍ عَلَى الْكَا فِرِيْنَ 'তারা মুসলমানদের প্রতি বিনয়-নম্র হবে এবং কাফেরদের প্রতি কঠোর হবে।' (সূরা ঃ মায়েদা আয়াত - ৫৪)

বল, হে কুরআন! পূর্ববর্তী নবীগণও কি জিহাদ করেছেন? হাঁন وُقَتَلَ دَاوُدُ جَالُوْتَ

'দাউদ জালুতকে (রণাঙ্গনে) হত্যা করেছিল।'

নবীগণের জিহাদ করার কথা শুনলাম, এবার বল, পূর্ববর্তী নবীগণের অলী-অনুসারীগণের উপরও কি জিহাদ ফর্য ছিল?

وَكَأَيِّنُ مِّنْ نَّبِيٍّ قَاتَلَ مُعَهُ رِبِّيُّونَ كَثِيْرٌ - अवभारे -

'আর বহু নবী ছিলেন, যাদের সঙ্গী-সাথীরা তাদের অনুবর্তী হয়ে জিহাদ করেছে।' (আলে ইমরান ঃ আয়াত - ১৪৬)

কুরআনের কথা অবশ্যই সত্য। তবে সমস্যা হল, আমরা জিহাদে যেতে চাচ্ছি কিন্তু আবা জিহাদে যেতে বারণ করেন, আমা বাধা দেন, স্ত্রী না যেতে অনুরোধ করে, উপরন্তু তখন ব্যবসা-বাণিজ্য, চাকুরি ওক্ষেত-খামারের কথা মনে পড়ে-এসব ফেলে রেখে কিভাবে জিহাদে যাব?

হুবৃহ্ এ প্রসঙ্গেই আল্লাহ তায়ালা পবিত্র কুরআনে বলেছেন -

قُلْ إِنْ كَانَ أَبِائِكُمُ وَأَبُنِائُكُمُ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيْرَ ثُكُمُ وَامْوَلُ إِنْ كَانَ أَبِكُمُ وَاخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمُ وَعَشِيْرَ ثُكُمُ وَامْوَلُ إِنْ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرُضُولُهِ وَجِهَادٍ فِي سَبِيُلِهِ فَتَرَ تَرُضُولُهِ وَجِهَادٍ فِي سَبِيُلِهِ فَتَرَ بَصُولًا مَرْفَوله وَجِهَادٍ فِي سَبِيُلِهِ فَتَرَ بَصُولًا حَتَّى يَأْتِي اللَّهُ بِأَمُرِهِ (سورة التوبة - ٢٤)

'তোমাদের নিকট যদি তোমাদের পিতা-মাতা, তোমাদের সন্তান, তোমাদের ভাই-বোন, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের অর্জিত ধন-সম্পদ, তোমাদের ব্যবসা- যা বন্ধ হয়ে যাওয়ার ভয় কর এবং তোমাদের বাসস্থান, যাকে তোমরা পছন্দ কর। তা যদি আল্লাহ, তাঁর রাস্ল ও তাঁর রাহে জিহাদ অপেক্ষা অধিক প্রিয় হয়, তবে অপেক্ষা কর তোমাদের উপর আল্লাহর আযাব আসা পর্যন্ত।' (সূরা তওবা আয়াত ঃ ৬৪)

এভাবে জিহাদ সম্বন্ধে কুরআনকে যে কোন প্রশ্ন করা হলে নিঃসন্দেহে তার স্পষ্ট উত্তর পাওয়া যাবে। পবিত্র কুরআনের সম্পূর্ণ স্রা আনফাল জিহাদ সম্পর্কে আলোচিত হয়েছে। স্রা তাওবা নাযিল হয়েছে জিহাদ উপলক্ষ্যে। স্রা মুহাম্মদেও আলোচিত হয়েছে জিহাদ সম্পর্কিত বিষয়। স্রা ফাতাহ ও নসর নাযিল হয়েছে জিহাদ উপলক্ষ্যে। স্রা হজ্ব ও মুমতাহিনায়ও জিহাদের বিধানাবলী সম্পর্কে ব্যাপক আলোচনা করা হয়েছে। স্রা হাদীদ-এ লোহা সম্পর্কে বলা হয়েছে যে, কেন লোহা সৃষ্টি করা হয়েছে। তাছাড়া মদীনায় অবতীর্ণ প্রতিটি স্রায় জিহাদ সম্পর্কে বিভিন্ন আঙ্গিকে বিস্তারিত আলোচনা এসেছে। কুরআনের প্রতিটি পারায় আপনি পাবেন জিহাদ সম্পর্কে আলোচনা। এর ঘারা অনুমান করা যায়, জাহাদ ইসলামের কত গুরুত্বপূর্ণ একটি বিষয়।

যে কুরআন পড়েছে, বুঝেছে, সে কখনও জিহাদ ত্যাগ করতে পারে না, জিহাদ সম্পর্কে নিরুৎসাহিত হতে পারে না। তবে যে কুরআন ত্যাগ করেছে এবং কুরআনের দাবী প্রত্যাখ্যান করে দুর্ভাগ্যের তিলক কপালে এঁটেছে, সে জিহাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা কি বুঝবে?

প্রখ্যাত মুহাদ্দিস ও মুজাহিদ শায়খ আবদুল্লাহ ইবনে মুবারক (রহঃ)-এর ঈমানদীপ্ত ঐ কবিতা, যা তিনি তুছুছ রাণাঙ্গন থেকে পবিত্র মক্কা মদীনার আবেদদের উদ্দেশে হ্যরত ফুজাইল ইবনে ইয়াজ (রহঃ)-এর নামে প্রেরণ করেছিলেনঃ

> بَا عَالِدَ الْحِرَمَيْنِ لَوْ آبُصَرُتَنا لَعَلِمْتَ أَنَّكَ فِنِي الْعِبَادَةِ تَلُعَبُ

হে সাধক! ধ্যানে মগ্ন পবিত্র মক্কা মদীনায়

মোদের দেখলে বলতে, তুমি আছ খেলনায়।

مِّنُ كَانَ يُخْضَبُ خَدَّهُ بِدُمُوعِهِ فَنُحُورِنَا بِدِمَائِنَا تَتَخَضَّبُ

যদিও বুক ভাসিয়েছ নয়নের অশ্রু দিয়ে

জানিবে আমরা রাঙ্গিয়েছি গ্রীবা বুকের রক্ত মেখে।

اَوُ كَانَ يَتُعَبُ خَيْلُهُ فِي بَاطِل فَخُيُّوُلِنِا يَوْمَ الصَّبِيهِ حَةِ تَتُعَبُّ

যুদ্ধের মাঠে উষাকালে ঘোড়া ক্লান্ত হয়ে পড়ে ক্লান্ত যদি ঘোড়াটি তোমার প্রবৃত্তির সাথে লড়ে। رِيْعُ الْعَبِيْرِ لَكُمُ وَنَحُنُ عَبِيْرُنَا وَيْعُرُنَا وَيْعُرُنَا وَلَعُبَارُ الْاَطْيَبُ

মৃঘনাভির সুদ্রাণ যদিও প্রিয় তোমাদের যোদ্ধা ঘোটকের ক্ষুড়ের বালু প্রিয় আমাদের।

> وَلُقَدُ اَتَانَا مِنُ مَقَالِ نَبِيِّنَا قَوُلُّ صَحِيْحٌ صَادِقٌ لَا يُكَذَّبُ

প্রিয়নবীর অমীয় বাণী বেজেছে মোদের কানে সত্য যাহা সঠিক যাহা কে আছে মিথ্যা কহে?

لاَ يَستَوِى غُبَارُ خَيلِ اللَّهِ فِي اللَّهِ فِي النَّهِ فِي النَّهِ فِي النَّهِ فِي النَّهِ اللهِ فِي النَّهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهُ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ

জাহান্নামের ধোয়া সেথায় লাগিবে কেমন করে? জিহাদের ধুলোবালি যার লেগেছে নাসিকা তরে।

> هٰذَا كِتَابُ اللّٰهِ يَنُطِقُ بَيْنَنَا لَيْسُ الشَّهِيْدُ بِمَيِّتٍ لَايُكَذَّبُ

আল-কোরআনে ঘোষিত হয়েছে বিশ্ব মানবের তরে শহীদ মরে না কভু কে আছে মিথ্যা কহে?

হেরেম শরীফের বিশিষ্ট বুযুর্গ শায়খ ফুজাইল ইবনে ইয়াজ (রহঃ) কবিতাগুলি পাঠ করে কেঁদে ফেললেন আর বললেন, আবদুল্লাহ ইবনে মুবারক সত্যই বলেছেন।

সমাপ্ত

প্রকাশক

এ.এইচ.মাসউদ পয়গামে ওহাদা প্রকাশনী, বাংলাদেশ

> প্ৰকাশকাল ১লা মাৰ্চ ২০০৩ ইং

সর্বস্বত্ব প্রকাশক কর্তৃক সংরক্ষিত

> মূল্য পঞ্চাশ টাকা মাত্র

অক্ষর বিন্যাস আল-আমীন কম্পিউটার্স ৩৮/৩ কম্পিউটার কমপ্লেক্স মার্কেট ৪র্থ তলা, বাংলাবাজার, ঢাকা-১১০০

> **প্রিন্টিং** মুহাম্মদী প্রিন্টিং প্রেস. লালবাগ-ঢাকা

পরিবেশক

আল-কাউসার প্রকাশনী পাঠক বন্ধু মার্কেট (আভার গ্রাউন্ড) ৫০ বাংলাবাজার-ঢাকা মোবাইল ঃ ০১৭১৩৯১৬৯৭

আল-কাউসার লাইব্রেরী মুসলিম বাজার, পল্লবী. ঢাকা

প্রাপ্তিস্থান

নিউ রাহমানীয়া লাইব্রেরী ৭৩ নং সাত মসজিদ সুপার মার্কেট মোহাম্মদপুর-ঢাকা ১২০৭ মোবাইল ঃ ০১৭১-৬৬৭৪৮৯

নকীব বুক হাউস

২৮/এ-১ টয়েনবী সার্কুলার রোড মতিঝিল-ঢাকা মোবাইল ঃ ০১৭১-৭৮৭০৮২

ইসলামীয়া লাইব্রেরী দারুল উলুম মাদরাসা গেইট বরুড়া পূর্ব বাজার, বরুড়া-কুমিল্লা

এছাড়াও বাংলাবাজার, চকবাজার, বাইতুল মোকাররমসহ দেশের সকল সম্ভ্রান্ত লাইব্রেরী সমূহে খোজ করুন।

- থে জাতি নিজ প্রভুর উদ্দেশ্যে জাঁন দিতে প্রস্তুত নয়, সে জাতির দুনিয়ায় বেঁচে থাকারই কোন অধিকার নেই।
- বন্ধুরা, আমরা যে রাস্তায় কদম রেখেছি সেই রাস্তায়, ফুলতো অনেক কম কিন্তু কাঁটা অনেক বেশি।
- রুপি অস্ত্র ছাড়া সামান্য একটি মুরগীও হালাল কর না যায়, তাহলে কিভাবে তরবারী ছাড়া একটি সমাজ পবিত্র করা সম্ভব
 ?

মাওলানা মাসউদ আযহার

